গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আমিনুল ইসলাম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৯ ডিসেম্বর ২০২১ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | বিপিআই অডিটোরিয়াম |
| উপস্থিতি | সংযুক্তি-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | সভার প্রারম্ভে গত নভেম্বর মাসের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনীর প্রয়োজন আছে কিনা তা জানতে চাওয়া হলে উপস্থিত সকল কর্মকর্তা জানান যে কোনোরূপ সংশোধনের প্রয়োজন নাই। | কোনো সংশোধনী না থাকায় বিগত মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) |
| ২। | সভায় নভেম্বর, ২০২১ মাসের বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পানি, Wifi ইত্যাদি বিল যথাসময়ে পরিশোধ করা হয়েছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, নির্ধারিত সময়ের মধ্যে বিলসমূহ পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | যথাসময়ে বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পানি, Wifi ইত্যাদি বিলসমূহ পরিশোধের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপপরিচালক<br>২। সহকারী পরিচালক, হিসাব শাখা |

| | | | |
|---|---|---|---|
| ৩। | সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে চাহিত তথ্যাদি ও প্রশাসনিক বিবিধ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে জানতে চাওয়া হয়। উপপরিচালক ও সহকারী পরিচালক (প্রশাসন) সভাকে জানান, মাসিক ও পাক্ষিক প্রতিবেদনসমূহ মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হয়েছে এবং সকল প্রাপ্ত চিঠি নিষ্পত্তি করা হয়েছে। যথাসময়ে প্রতিবেদন ও পত্র নিষ্পত্তির জন্য সভাপতি মহোদয় এ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এপিএ/ইনোভেশন/শুদ্ধাচার সংক্রান্ত নির্ধারিত সভা/প্রমাণক যথাসময়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা দেন। | যথাসময়ে প্রতিবেদন ও পত্র নিষ্পত্তির ধারা অব্যাহত রাখতে হবে। এপিএ/ইনোভেশন/শুদ্ধাচার সংক্রান্ত নির্ধারিত সভা/ প্রমাণক যথাসময়ে প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) ২। সহকারী পরিচালক, প্রশাসন শাখা ৩। এপিএ ও ইনোভেশন টিমের কর্মকর্তাগণ |
| ৪। | সভায় হিসাব শাখার পেন্ডিং প্রতিবেদন বিষয়ে জানতে চাওয়া হলে বৈজ্ঞানিক কর্মকর্তা (হিসাব শাখা) জনাব মোঃ রনি রায়হান জানান, হিসাব শাখার মাসিক ও পাক্ষিক প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । যথাসময়ে প্রতিবেদন প্রেরণের জন্য সভাপতি মহোদয় এ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | আর্থিক প্রতিবেদনসমূহ যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করার ধারা অব্যাহত রাখতে হবে। | ১। সহকারী পরিচালক, হিসাব শাখা |
| ৫। | সভায় বিগত সমন্বয় সভায় উত্থাপিত ৯ম গ্রেডে সরাসরি নিয়োগপ্রাপ্ত হওয়ায় একটি অগ্রিম বেতন বৃদ্ধির অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে বৈজ্ঞানিক কর্মকর্তা (হিসাব শাখা) জানান, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণের জন্য প্রস্তুত করা হয়েছে এবং তা দ্রুত প্রেরণের প্রক্রিয়া চলমান রয়েছে। সভাপতি অবিলম্বে উক্ত পত্র প্রেরণ করার ব্যাপারে নির্দেশনা প্রদান করেন। | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র যথাসম্ভব দ্রুত প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) ২। সহকারী পরিচালক (হিসাব শাখা) |

| | | | |
|---|---|---|---|
| ৬। | সভায় ডিসেম্বর মাসে অনুষ্ঠিত প্রশিক্ষণ কার্যক্রম এর অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (জনাব মোঃ সাহিদুজ্জামান) জানান, বিপিআই-এ ডিসেম্বর,২০২১ মাসে ৩ টি প্রশিক্ষণের সফলভাবে আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণে ৮১ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। সভাপতি মহোদয় প্রশিক্ষণ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | ট্রেনিং ক্যালেন্ডার অনুযায়ী সকল প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিতভাবে পরিচালনার এ ধারা অব্যাহত রাখতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) ২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ) |
| ৭। | সভায় বিপিআই-এর প্রশাসনিক কার্যক্রম সংস্কারের অংশ হিসেবে IIFC-এর সাথে চুক্তির অগ্রগতি প্রসঙ্গে জানতে চাওয়া হলে পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) জানান সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে IIFC-এর প্রতিনিধির সমন্বয়ে একটি সভা অনুষ্ঠানের প্রক্রিয়া চলমান রয়েছে। | সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে IIFC-এর প্রতিনিধির সমন্বয়ে সভা অনুষ্ঠানের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) |
| ৮। | সভায় বিপিআই-এর সকল কর্মকর্তার দাপ্তরিক কাজ সম্পাদনের নিমিত্ত ডেস্কটপ কম্পিউটার ক্রয় সংক্রান্ত কাজের অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে, বৈজ্ঞানিক কর্মকর্তা (ভান্ডার শাখা) জানান, ডেস্কটপ কম্পিউটার ক্রয়ের প্রক্রিয়া চলমান রয়েছে। সভাপতি ক্রয় প্রক্রিয়াকে আরও গতিশীল করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করেন। | ডেস্কটপ কম্পিউটার ক্রয়ের প্রক্রিয়া দ্রুত শেষ করতে হবে | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) ২। বৈজ্ঞানিক কর্মকর্তা (ভান্ডার শাখা) |

| | | | |
|---|---|---|---|
| ৯। | সভায় একজন সহকারী পরিচালক এবং একজন টেকনিশিয়ান (কম্পিউটার) পদে প্যানেল হতে নিয়োগ কাজের অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে বৈজ্ঞানিক কর্মকর্তা ( জনাব মোঃ যুবাইর রহমান) বলেন প্যানেল এর অপেক্ষমান সহকারী পরিচালক এবং টেকনিশিয়ান কে মুঠোফোনে যোগাযোগ করার মাধ্যমে নিয়োগ প্রক্রিয়ার কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি দ্রুততার সাথে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | সহকারী পরিচালক এবং টেকনিশিয়ান (কম্পিউটার) পদে প্যানেল হতে নিয়োগ প্রক্রিয়া দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) ২। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশাসন শাখা) |

৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৮.০৪.০০০০.০০৩.০৬.০০১.১৭.৬

তারিখ: ১৫ পৌষ ১৪২৮
৩০ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), প্রশাসন ও প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৩) ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৪) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৫) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা ম্যানেজমেন্ট অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৬) বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৭) সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৮) সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৯) সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১০) বৈজ্ঞানিক কর্মকর্তা, মাইনিং ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১১) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রোডাকশন,প্রসেসিং এন্ড ডিস্ট্রিবিউশন টেকনোলজিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১২) বৈজ্ঞানিক কর্মকর্তা, ড্রিলিং এন্ড ওয়েল ডেভেলপমেন্ট টেকনোলজি শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১৩) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা প্রসেসিং,আইটি এন্ড ব্যুরো সার্ভিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১৪) সহকারী পরিচালক, গ্রন্থাগার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট



মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক